25 AUG 1989

তারিখ ..25 AUG 1989...
পৃষ্ঠা... ৫ ... কলাম ৭...

দৈনিক-বাংলা

# স্কুল সরকারী করার আবেদন

চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপ-জেলাধীন রামপুর উচ্চ বিদ্যা-লয়টি জেলার একটি প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান। এ বিদ্যালয়ে প্রাথমিক পর্যায়ের প্রথম শ্রেণী থেকে মাধ্যমিক পর্যায়ের দশম শ্রেণী পর্যন্ত শিক্ষাদান করা হয়ে থাকে। বিদ্যালয়টি শুরু থেকেই অভিভাবক ও জনসাধা-রণের অর্থে পরিচালিত হয়ে আসছে। বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা প্রচুর। শিক্ষার মানও ভালো। প্রায় প্রতি বছরই এ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বৃত্তি পাচ্ছে এবং এসএসসি পরীক্ষায় মেধা তালিকায় অনেক স্থান লাভ করছে। কিন্তু দুঃখের বিষয় হলো, ছাত্রছাত্রীর সংখ্যার তুলনায় প্রাথমিক বিদ্যালয়ের একতলা যে ভবনটি রয়েছে তা খুবই ছোট। ঠাসাঠাসি করে ছাত্র-ছাত্রীদের ক্লাসে বসতে হয়। আর উচ্চ বিদ্যালয়টির জন্য রয়েছে একটি টিনের ঘর। গরমের দিনে ছাত্রছাত্রীদের জন্য সেখানে ক্লাস করা কষ্টকর। তাছাড়া এতে প্রয়ো-জনীয় পরিমাণ বেঞ্চ টেবিলেরও অভাব। পর্যাপ্ত বেঞ্চ টেবিলের ব্যবস্থাসহ বিদ্যালয়টির জন্য প্রয়োজন একটি দ্বিতল ভবন। এজন্য দরকার প্রচুর অর্থের। কিন্তু এলাকার দরিদ্র অভিভাবক-দের পক্ষে প্রয়োজনীয় সে অর্থের যোগান সম্ভব নয়। এ অবস্থায় এলাকার এই একমাত্র উচ্চ বিদ্যা-লয়টির সরকারীকরণ একান্ত আবশ্যক। তাই এব্যাপারে আমরা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

আঃ রহমান
প্রাক্তন ছাত্র
রামপুর উচ্চ বিদ্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।